



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
 অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব  
 সম্পদ উন্নয়ন এর দপ্তর  
 পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
[www.bwdb.gov.bd](http://www.bwdb.gov.bd)

বিগত ৩১ আগস্ট ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাপাউবো'র জোন/অঞ্চলসমূহের প্রধান প্রকৌশল/অতিঃ প্রধান প্রকৌশল গণের  
 অংশগ্রহনে বাপাউবোর আওতাধীন দপ্তরসমূহের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে  
 হালনাগাদ নিশ্চিতকরণ বিষয়ক ১ম ত্রৈমাসিক সভা ২০২৪-২৫ এর কার্যবিবরনী

সভাপতি	মোঃ ওয়াহিদ হোসেন প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
সভার তারিখ	৩১ আগস্ট, ২০২৪ খ্রিঃ
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান	পানি ভবন সম্মেলনক্ষ (লেভেল ৫)
উপস্থিতি	সংযুক্ত ০১ সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি মহোদয় আমন্ত্রিত প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী মহোদয়দের সভায় স্বাগত জানান এবং  
 মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ এ  
 অতি অর্থ-বচরের বাপাউবো'র জোন/অঞ্চলসমূহের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। এসময় তিনি  
 উপস্থিত সকল জোন/অঞ্চল প্রধানগণকে তাদের নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং তা জোন/অঞ্চলের  
 ওয়েবসাইটে প্রদর্শন/আপলোডের ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। অতঃপর প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো,  
 ফরিদপুর মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক তাঁর অঞ্চলে গৃহীত কার্যক্রমসমূহের  
 ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। এসময় বাপাউবো'র সিটিজেন চার্টার বিষয়ক লিফলেট উপস্থিত সকলকে সরবরাহ করা হয়।  
 অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্ষিপ্ত বার্ষিক  
 প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর  
 থেকে আগত কর্মকর্তাগণ এই বিষয়ে একমত পোষণ করেন। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত  
 সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১। অদ্য ১ম ত্রৈমাসিকে বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) নির্ধারিত সময়ের মধ্যে  
 হালনাগাদপূর্বক হালনাগাদের তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

২। বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে দপ্তর এবং তাদের আওতাধীন দপ্তর তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)  
 হালনাগাদপূর্বক দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করবে এবং নির্ধারিত সময়ের মধ্যে তা জোন/অঞ্চলের ওয়েবসাইটে  
 আপলোড করবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১২১৬৭

১৮-০৯-২০২৪

মোঃ ওয়াহিদ হোসেন

প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)

৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৮২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৩৮

**বিতরণ (জ্যোঠার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
- ২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দণ্ডর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদণ্ডর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবলোকনে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো) এবং
- ৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।



২১২১৬৭

১৮-০৯-২০২৪

মোঃ ওয়াহিদ হোসেন

প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)

**সকল সংযুক্তিসমূহ:**

- (১) CC 1st qrtr inspection meeting\_attendance.pdf